দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 19 OCT 2016
পৃষ্ঠা ২৪ ... ৭

# টেকনাফে স্কুল ভবন নির্মাণে অনিয়ম

**স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥** টেকনাফের হোয়াইক্যং উনছিপ্রাং সরকারী প্রাথমিক বিদ্যালয় ও লম্বাবিল প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজে ঠিকাদার ও সংশ্লিষ্ট প্রকৌশলীর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। পিইডিপি-৩ প্রকল্পের আওতায় উনছিপ্রাং সরকারী প্রাথমিক বিদ্যালয় ও লম্বাবিল প্রাথমিক বিদ্যালয় নতুন ভবন নির্মাণের জন্য এক কোটি ৫ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়। টেকনাফ এলজিইডির তত্ত্বাবধানে পরিচালিত ওই প্রকল্প বাস্তবায়নকল্পে কাজের দায়িত্ব পান মেসার্স আবছার কনস্ট্রাকশন নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। নিম্নমানের ইট, বালি ও সস্তা দামের রড দিয়ে কাজ শুরু করলেও সংশিষ্ট প্রকৌশলী বাধা দেননি। বর্তমানে এ প্রকল্পের কাজ প্রায় সমাপ্তির পথে। এ প্রকল্পের গুণগতমান খুবই খারাপ দাবি করে লম্বাবিল প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাজী মোঃ হোছন জানান, বেজ ঢালাই ও ছাদ ঢালাই ছাড়া এলজিইডির দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলী প্রকল্প পরিদর্শনে আসেননি কখনও। ছাদ ঢালাইয়ের সময় অনিয়মের বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করা হলে তারা গুরুত্বই দেননি। এলাকাবাসী ক্ষোভ প্রকাশ করে জানান, মানসম্মত কাজ করতে সরকার পর্যাপ্ত পরিমাণ টাকা বরাদ্দ ও তদারকির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগ দিলেও এ প্রকল্পের ক্ষেত্রে সরকারী নিয়মনীতির প্রতি তোয়াক্কা করা হয়নি। পিলার ও প্লাস্টার করার পর ওয়াটার কিউরও দেয়া হয়নি। দরজা-জানালা ও বারান্দার কাজে ৩এমএম স্টিল ব্যবহারের নিয়ম থাকলেও এতে নিম্নমানের স্টিল ব্যবহার করা হয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান ক্ষমতার দাপট দেখিয়ে দুর্নীতিবাজ কর্মকর্তাকে ম্যানেজ করে দুই বিদ্যালয়ের কাজ তাড়াহুড়ো করে সমাপ্ত করে চলছেন বলে জানা গেছে। এ ব্যাপারে ঠিকাদারি প্রতিষ্ঠান আবছার কনস্ট্রাকশনের মোঃ কফিল উদ্দিন বলেন, আমাদের একমাত্র অভিভাবক এলজিইডি। তারা ভালমন্দ তদারকি করছেন। সাধ্যমতো ভালমানের সামগ্রী দিয়ে কাজ করে যাচ্ছি।